



বিজ্ঞপ্তি নং- ২০৫

এ,

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ  
২৫ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের কার্যক্রম সপ্তাহে ০২(দুই) দিন পরিচালনাকরণ সংক্রান্ত আদেশ সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ২৩/৪/২০২০ তারিখের ২৭৫২ এ, স্মারক দ্বারা বাংলাদেশের প্রত্যেক জেলার জেলা ও দায়রা জজ এবং মহানগর এলাকার মহানগর দায়রা জজ-কে ছুটিকালীন সময়ে প্রতি সপ্তাহে যে কোনো ০২(দুই) দিন সীমিত আকারে আদালতের কার্যক্রম পরিচালনার জন্য এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-কে নিজে অথবা তাঁর নিয়ন্ত্রণাধীন এক বা একাধিক ম্যাজিস্ট্রেট দ্বারা ছুটিকালীন সময়ে সুবিধামতো প্রতি সপ্তাহে যে কোনো ০২(দুই) দিন আদালতের কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহণের জন্য আদেশ প্রদান করা হয়।

২। ঢাকা জেলা আইনজীবী সমিতি এবং চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির আবেদনের প্রেক্ষিতে এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয় বিবেচনা করতঃ বর্ণিত আদেশ প্রদান করা হলেও পরবর্তীতে ঢাকা জেলা আইনজীবী সমিতি এবং চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতিসহ সাধারণ বিজ্ঞ আইনজীবীগণ বর্ণিত আদেশ পুনর্বিবেচনা করতঃ আদালতের কার্যক্রম স্থগিত রাখার অনুরোধ করেন।

৩। এই বিষয়ে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় জ্যেষ্ঠ বিচারপতি মহোদয়গণের সাথে আলোচনা করেছেন।

৪। এমতাবস্থায়, বর্ণিত আইনজীবী সমিতিসহ সাধারণ বিজ্ঞ আইনজীবীগণের অনুরোধ এবং করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ জনিতকারণে দেশের সার্বিক অবস্থা বিবেচনা করতঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ২৩/৪/২০২০ তারিখের ২৭৫২ এ, স্মারকে বর্ণিত জেলার জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের কার্যক্রম সপ্তাহে ০২(দুই) দিন পরিচালনাকরণ সংক্রান্ত আদেশের কার্যকরিতা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সাময়িকভাবে স্থগিত করা হলো।

৫। এই বিজ্ঞপ্তি অবিলম্বে কার্যকর হবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বা/-

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-২৭৫৪

এ,

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ  
২৫ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, ..... (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ..... (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৫. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ..... (সকল)
৬. প্রধান বিচারপতির সচিব/ একান্ত সচিব বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৮. নোটিশ বোর্ড।

  
২৫.০৪.২০২০

(মোহাম্মদ আজরুজ্জামান ভূঁইয়া)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)